

# উপজেলা স্ট্যান্ডিং কমিটির সভার কার্য বিবরণী :

সভার তারিখ : ১৬/১০/২০২৩ খ্রিঃ।

সভার সময় : বিকাল- ৪:০০ ঘটিকা।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা এর অফিস কক্ষ।

সভাপতি : জনাব এ এস এম রফিকুল ইসলাম মন্ডল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।

সভায় উপস্থিত সদস্যগণের উপস্থিতি স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হয়েছে।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তারপর তিনি সদস্য সচিবকে আলোচনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্য সূচী : ০১। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বেঞ্চ সংকট।

০২। ২১৬ (দুইশত ষোল) টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল প্রকার সরকারি আর্থিক বরাদ্দ বাস্তবায়নের নিরিখে মনিটরিং জোরদারকরণ প্রসঙ্গে।


আলোচনা : ০১ নং আলোচ্য সূচী মোতাবেক উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলার বেশ কিছু বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের পাঠদানের জন্য হাই ও লো বেঞ্চ এর সংকট রয়েছে। বেঞ্চ মেরামতের ক্ষেত্রে সরকারি বরাদ্দ বেশ অপ্রতুল। এক্ষেত্রে এলজিএসপি হতে কিছু বিদ্যালয়ে বেঞ্চ সরবরাহ করা হলে শিক্ষার গুনগত মান উন্নত হবে। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় যে, সভাপতি মহোদয় বেঞ্চ প্রদানের বিষয়টি এলজিএসপি সংক্রান্ত উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করে বরাদ্দ দেওয়ার চেষ্টা করবেন।

আলোচনা : ০২ নং আলোচ্য সূচী মোতাবেক উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলার ২১৬ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্লিপ গ্র্যান্টের আওতায় ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। বিদ্যালয়ে স্লিপের কার্যক্রম চলমান আছে।

সিদ্ধান্ত : সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় যে, বিদ্যালয়ের অনুকূলে স্লিপ ফান্ডের অর্থ পরিকল্পনা মোতাবেক ব্যয় করতে হবে।

আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে আজকের সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ এস এম রফিকুল ইসলাম মন্ডল

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ পলাশবাড়ী, গাইবান্ধা

ও

সভাপতি

উপজেলা স্ট্যান্ডিং কমিটির সভাপতি

পলাশবাড়ী, গাইবান্ধা।

তারিখ : ১৬/১০/২০২৩ খ্রিঃ।

স্মারক নং-উশিঅ/পলাশ/গাই/২০২৩/

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।


০২। উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা।

০৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।

০৪। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।

০৫। জনাব.....সদস্য, গণ ও প্রাথমিক শিক্ষা উন্নয়ন কমিটি, পলাশবাড়ী, গাইবান্ধা।

০৬। অফিস নথি।



সদস্য সচিব

গণ ও প্রাথমিক শিক্ষা উন্নয়ন কমিটি

ও

সভাপতি

উপজেলা শিক্ষা অফিসার (ভারঃ)

পলাশবাড়ী, গাইবান্ধা।